**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 02-01-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে ১৩ দিনব্যাপী ৪৪তম আগরতলা বইমেলার উদ্বোধন করেন।**

**(২) শীতের প্রকোপে তাপমাত্রা নেমে যাওয়ায় এডিসি এলাকার সমস্ত স্কুল আগামীকাল তেসরা জানুয়ারি থেকে ১৩ই জানুয়ারি পর্যন্ত বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।**

**(৩) বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর আজ বলেছেন যে ভারত সন্ত্রাসবাদ থেকে নিজেকে রক্ষা করার অধিকার প্রয়োগ করবে এবং ভারত কীভাবে তার প্রতিরক্ষা ব্যবহার করবে সে বিষয়ে কেউ নির্দেশ দিতে পারে না।**

**(৪) অনূর্দ্ধ্ব ১৫ বছরের মেয়েদের জাতীয় ক্রিকেটে প্লেট গ্রুপের আসরে জয় দিয়ে শুরু করলো ত্রিপুরা।**

**************************************

**Book Fair :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে ১৩ দিনব্যাপী ৪৪তম আগরতলা বইমেলার উদ্বোধন করেন। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে তিনি আরো বেশি করে বইয়ের প্রচার-প্রসার ঘটাতে বই প্রেমীদের কাছে আহ্বান রাখেন। মুখ্যমন্ত্রী বলেন, শিক্ষা সাহিত্য ও সংস্কৃতির বিকাশে নবীন প্রজন্মকেও উৎসাহিত করতে হবে। এর একমাত্র মাধ্যম হচ্ছে বই। বই সেতুবন্ধনের কাজটি করে। মুখ্যমন্ত্রী বলেন, আগরতলা বইমেলা হচ্ছে পুস্তক বিক্রেতা ও সংস্কৃতি ব্যক্তিদের মিলনস্থল।

#######Byte-CM########

উপস্থিত ছিলেন বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল, বিধায়িকা মিনারানী সরকার, আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার, পদ্মশ্রী ড. অরুণোদয় সাহা, বিশিষ্ট লেখক নরেশ দেববর্মা প্রমুখ। এবারের বই মেলায় রয়েছে ১৮৩টি স্টল। তাছাড়া ছবির গ্যালারি, সাংস্কৃতিক অনুষ্ঠান, বই প্রকাশ কবি সম্মেলন ইত্যাদি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

**************************

**ADC–School :**

শীতের প্রকোপে তাপমাত্রা নেমে যাওয়ায় এডিসি এলাকার সমস্ত স্কুল আগামীকাল তেসরা জানুয়ারি থেকে ১৩ই জানুয়ারি পর্যন্ত বন্ধ রাখার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। তবে দশম এবং দ্বাদশ শ্রেণীর প্র্যাকটিক্যাল পরীক্ষার নির্ধারিত তারিখ অপরিবর্তিত থাকবে। এডিসির প্রশাসন সুত্রে আজ এ খবর জানিয়েছেন।

**************************

**CM–Ramesh School :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ উদয়পুরের রমেশ ইংরেজি মাধ্যম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের প্লাটিনাম জুবিলি অনুষ্ঠানের উদ্বোধন করেন। অনুষ্ঠানে তিনি বলেন, রাজ্যের বনেদি স্কুলগুলির মধ্যে অন্যতম হলো উদয়পুরের রমেশ ইংলিশ মিডিয়াম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়। এই বিদ্যালয় থেকে পাশ করা বহু ছাত্রছাত্রী আজ দেশের বিভিন্ন ক্ষেত্রে সুনামের সঙ্গে প্রতিষ্ঠিত হয়েছেন। তাঁদের মধ্যে রয়েছেন চিকিৎসক, প্রকৌশলী, বিজ্ঞানী, লেখক, কবি, বিধায়ক এমনকি মুখ্যমন্ত্রী পদে অধিষ্ঠিত ব্যক্তিরাও। তিনি বলেন, ১৯৫১ সালের দোসরা জানুয়ারি রমেশ চন্দ্র দত্তের উদ্যোগে এবং তাঁর পুত্র বিশিষ্ট শিক্ষাবিদ বীরেন্দ্র চন্দ্র দত্তের গুরুত্বপূর্ণ অবদানে এই ঐতিহ্যবাহী বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়। তিনি বলেন, এই বিদ্যালয়টির পরিকাঠামো উন্নয়নের লক্ষ্যে নতুন পাকাবাড়ি নির্মাণের জন্য ৮ কোটি ৫১ লক্ষ টাকা বরাদ্দ করা হয়েছে। পাশাপাশি ছাত্রছাত্রীদের খেলাধুলার

সুযোগ বাড়াতে একটি সিন্থেটিক টার্ফ ফুটবল মাঠ নির্মাণের জন্য ৫ কোটি ৮৯ লক্ষ টাকা মঞ্জুর করা হয়েছে।

অনুষ্ঠানে অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় বলেন, উদয়পুরের রমেশ ইংরেজি মাধ্যম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় দীর্ঘ ৭৫ বছর ধরে শিক্ষা, মূল্যবোধ ও সংস্কৃতির আলোকবর্তিকা হয়ে প্রজন্মের পর প্রজন্মকে পথ দেখিয়ে চলেছে। উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায়, বিধায়ক অভিষেক দেবরায়, জিতেন্দ্র মজুমদার। সভাপতিত্ব করেন উদয়পুর পুর পরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার।

********************************

**Tarun Vijoy :**

উত্তরাখণ্ডের বরিষ্ঠ বিজেপি নেতা তথা রাজ্যসভার প্রাক্তন সাংসদ তরুণ বিজয় আজ ঊনকোটি জেলার পেঁচারথল ব্লকের মাছমারার জনার্দনপাড়া সফর করেন। উত্তরাখণ্ডের দেরাদুনে সংঘবদ্ধ হামলায় নিহত MBA পাঠরত এঞ্জেল চাকমার পরিবারের লোকদের সঙ্গে কথা বলেন। এরপর স্থানীয় জেতবন বৌদ্ধ বিহারে প্রয়াত এঞ্জেল চাকমার পিতা তরুণ প্রকাশ চাকমা ও ছোটভাই মাইকেল চাকমার সঙ্গে কথা বলেন। তিনি তাদের কাছ থেকে দেরাদুনে সংঘবদ্ধ হামলা ও পরবর্তী ঘটনা সম্পর্কে অবহিত হন। তিনি এই মর্মান্তিক ঘটনায় সমবেদনা প্রকাশ করেন। সফরকালে তাঁর সঙ্গে ছিলেন বিধায়ক শম্ভুলাল চাকমা। সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে প্রাক্তন সাংসদ বলেন, উত্তরাখণ্ডের স্থানে স্থানে জনগণ এঞ্জেল চাকমার হত্যার ঘটনায় নিন্দা প্রকাশ করছেন। এই দুঃখজনক মৃত্যুর ঘটনায় এখন পর্যন্ত পাঁচজন অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়েছে। বাকী যারা যুক্ত তাদের আইনের আওতায় নিয়ে আসা হবে। ঘটনার সংগে যুক্তরা কঠিন সাজা পাবে বলে তিনি আশ্বস্ত করেন।

######Byte-Tarun Vijoy######

******************************

**Protest on Angel Chakma Death :**

দেরাদুনে এঞ্জেল চাকমার খুনের ঘটনায় অভিযুক্তদের কঠোর শাস্তির দাবিতে আজ আগরতলায় রবীন্দ্র শতবার্ষিকী ভবনের সামনে মনিপুরী সম্প্রদায়ের তিনটি সংগঠনের উদ্যোগে ধর্না সংগঠিত করা হয়। মণিপুরী কাউন্সিল, মণিপুরী স্টুডেন্ট ইয়ুথ কো-অর্ডিনেশন কমিটি এবং ত্রিপুরা মণিপুরী ওম্যান কাউন্সিল এই ধর্নায় সামিল হয়।

******************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

********************************

**S. Joyshankar :**

বিদেশমন্ত্রী এস জয়শঙ্কর আজ বলেছেন যে ভারত সন্ত্রাসবাদ থেকে নিজেকে রক্ষা করার অধিকার প্রয়োগ করবে এবং ভারত কীভাবে তার প্রতিরক্ষা ব্যবহার করবে সে বিষয়ে কেউ নির্দেশ দিতে পারে না। চেন্নাইতে শাস্ত্র ২০২৬- আইআইটি মাদ্রাজ টেকনো-এন্টারটেইনমেন্ট ফেস্টের উদ্বোধনী অনুষ্ঠানে তিনি একথা বলেন। তিনি বলেন, ভারত আত্মরক্ষার জন্য যা কিছু করা প্রয়োজন তা করবে। ভারতের পররাষ্ট্র নীতির রূপরেখা তুলে ধরে বিদেশমন্ত্রী জোর দিয়ে বলেন যে শত্রু প্রতিবেশীদের সন্ত্রাসবাদের

বিরুদ্ধে নতুনদিল্লির আত্মরক্ষার অধিকার রয়েছে। তিনি বলেন, ক্রমাগত আন্তঃসীমান্ত সন্ত্রাসবাদ সদিচ্ছাকে দুর্বল করে এবং জলবন্টন ব্যবস্থার মতো সুবিধাগুলিকে বাতিল করে, কারণ সহযোগিতা ও সহিংসতা সহাবস্থান করতে পারে না।

আঞ্চলিক উন্নয়নের বিষয়ে তিনি বাংলাদেশ সম্পর্কে কথা বলেন, প্রাক্তন প্রধানমন্ত্রী খালেদা জিয়ার শেষকৃত্যে তার সাম্প্রতিক ঢাকা সফরের কথা উল্লেখ করেন। তিনি উল্লেখ করেন যে ভারত স্থিতিশীল প্রতিবেশীদের সমর্থন করে এবং বিশ্বাস করে যে ভারতের অর্থনৈতিক প্রবৃদ্ধি ক্রমবর্ধমান জোয়ার হিসেবে কাজ করে, যা নির্বাচনের সময় বাংলাদেশ সহ এই অঞ্চলের জন্য উপকারী।

****************************

**Special Story–India's Technological Self–Determination :**

২০২৫ সাল। ভারতের বৈজ্ঞানিক ও প্রযুক্তি অভিযাত্রায় যুগান্তকারী সন্ধিক্ষণ। এই সময়ে ভারত অত্যাধুনিক প্রযুক্তি ক্ষেত্রে  নতুন আত্মবিশ্বাস এবং আন্তর্জাতিক মর্যাদায় নিজেকে তুলে ধরেছে। প্রযুক্তির সঙ্গে ভারতের যোগসূত্রে মৌলিক পরিবর্তনের ইঙ্গিতবাহী সদ্য বিগত বছরটি। এনিয়ে একটি প্রতিবেদন।

#######VC#######

****************************

**Tourism Minister :**

পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী আজ খয়েরপুর-চম্পকনগর পর্যন্ত নির্মীয়মান জাতীয় সড়কটি পরিদর্শনে যান। পরিদর্শনকালে তিনি এই জাতীয় সড়ক নির্মাণের ক্ষেত্রে জনসাধারণের বিভিন্ন অভিযোগগুলি শুনে যথাযথ ব্যবস্থা গ্রহণে সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন।

****************************

**NSS :**

সাংসদ রাজীব ভট্টাচার্য আজ আগরতলার ধলেশ্বরে পি.এম.শ্রী কামিনী কুমার সিংহ মেমোরিয়াল দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের এন.এস.এস ইউনিট আয়োজিত বিশেষ শিবিরে উস্পস্থিত ছিলেন। তিনি সেখানে স্নিগ্ধালয় সেবা আশ্রমের আবাসিকদের মধ্যে শীতবস্ত্র বিতরণ করেন।

***************************

**IGDC-Kanchanpur :**

বনাঞ্চলে বসবাসকারী গরীব জনজাতিদের আর্থিকভাবে সাবলম্বী করে তোলার লক্ষ্যে বহুমুখী উন্নয়ন পরিকল্পনার উদ্যোগ গ্রহণ করেছে ইন্দো জার্মান ডেভলপমেন্ট কো-অপারেশন। সেই পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে আজ কাঞ্চনপুর মহকুমা বন দপ্তরের উদ্যোগে উত্তর ত্রিপুরা জেলাভিত্তিক দুইদিনব্যাপী এক প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়। কর্মশালায় দামছড়া, দশদা এবং ভাংমুন ফরেস্ট রেঞ্জের ১৫০ জন সুবিধাভোগী উপস্থিত ছিলেন। এই প্রশিক্ষণ শিবিরের মাধ্যমে জনজাতিদের আর্থিক রোজগারের পথ সুগম করতে কম সুদে সর্বোচ্চ ৫ লক্ষ ঋণ প্রদান করা হবে। যাতে সেই ঋণ নিয়ে গরীব জুমিয়া জনজাতি অংশের মানুষ পশুপালন, শুকর পালন, মাছ চাষ এবং ফলের বাগান করে আর্থিকভাবে স্বনির্ভর হতে পারে।

*****************************

**Under-15 Cricket :**

অনূর্ধ্ব ১৫ বছরের মেয়েদের জাতীয় ক্রিকেটে প্লেট গ্রুপের আসরে জয় দিয়ে শুরু করলো ত্রিপুরা। গুয়াহাটির জজেস মাঠে অনুষ্ঠিত খেলায় আজ রাজ্যদল ১০ উইকেটে মিজোরামকে হারিয়ে দেয়।

************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। আজ রাত থেকে আগামীকাল রাজ্যের কিছু স্থানে ঘন কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আজ

দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ১৭.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২.৫ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ১৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

**************************